# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | রাজনীতি | 18 June, 2025

বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেছেন, লন্ডনে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ডক্টর মুহম্মদ ইউনুস এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যন তারেক রহমানের ঐতিহাসিক বৈঠকের মধ্যদিয়ে নির্বাচন, সংস্কার নিয়ে সৃষ্ট অচলাবস্থা ও অনিশ্চয়তা কেটে গেছে।নির্বাচনী ট্রেনে উঠতে রাজনৈতিক দল এখন স্টেশনের প্ল্যাটফর্মে অপেক্ষা করছে।

মঙ্গলবার (১৭ জুন) বিকালে ময়মনসিংহের হালুয়াঘাট পৌর শহরের ইমেক্স হোটেল মিলনায়তনে উপজেলার ভুবনকুড়া ও যুগলী ইউনিয়নের ওয়ার্ড ছাত্রদলের নেতাকর্মীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, লন্ডন বৈঠকে সারা দেশে শান্তির সুবাতাস বইতে শুরু করলেও যারা জটিলতা সৃষ্টি করে রাজনৈতিক সঙ্কট ও অচলাবস্থা তৈরী করেছিল, তারা অশান্তিতে আছে ও নতুন করে জটিলতা সৃষ্টি করতে তৎপর।এরা নানা অজুহাতে বিএনপি ঠেকাতে চায়।যারা বিএনপি ঠেকাতে চায় জনগণ তাদের ঠেকিয়ে দিবে।

বিপথগামীদের বিষয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের কঠোর মনোভাবের কথা উল্লেখ করে বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেছেন, শৃঙ্খলাভঙ্গকারী ও দলের ভাবমূর্তি বিনষ্টকারী কাউকে আর বরদাশত করা হবে না।সে যতবড় ত্যাগী বা শক্তিশালী হউক না কেনো, তার ক্ষমা নাই।ক্ষমতা বা হেডম দেখানোর নাম রাজনীতি নয়।

সভায় নেতাকর্মীদের উদ্দেশ্যে প্রিন্স বলেন, আগামী নির্বাচনে বিএনপির অবশ্যম্ভাবী বিজয়ে অতিমাত্রায় আত্মতৃপ্তি বা আত্মতুষ্টির সুযোগ নেই। প্রতিপক্ষকে দুর্বল ভাবা যাবে না।অতিরিক্ত আত্মবিশ্বাসে ক্ষতির সম্ভাবনা বেশী।তাই নির্বাচনকে সিরিয়াস ভাবে নিয়ে শতভাগ সতর্ক থেকে কাজ করতে হবে।

হালুয়াঘাট উপজেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক এম আর আল আমিনের সভাপতিত্বে মতবিনিময় সভা উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির আহবায়ক আসলাম মিয়া বাবুল, সদস্য সচিব আবু হাসনাত বদরুল কবীর, উপজেলা ছাত্র দলের যুগ্ম আহবায়ক সিরাজুল ইসলাম শাহিন, মির্জা সাফায়েত হোসেন তাইয়েব, মোহাইমেনুল ইসলাম রবিন, পৌর ছাত্র দলের সদস্য সচিব তাজবীর হোসেন অন্তর, জেলা যুবদলের সদস্য মোতালেব হোসেন, উপজেলা কৃষক দলের সাধারণ সম্পাদক আবদুল হান্নান, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক আবদুল্লাহসহ প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:31

URL: https://timestodaybd.com/politics/3468300761